

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট অধিশাখা
www.hsd.gov.bd



স্মারক নং-৪৫.০০.০০.১৩৯.০২০.০০৪.২০২০ (অংশ)/৬০৩

তারিখঃ ৩০-০৭-২০২০খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিএজিভবন, সেগুনবাগিচা, ঢাকা।


বিষয়ঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতালের গত ২০১৯-২০ অর্থবছরের ৩৮২১১২৮-কোয়ারেন্টাইন এক্সপেন্স খাতের বকেয়া খরচ/বিল পরিশোধের জন্য বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ কুর্মিটোলা জেনারেল হাসপাতালের স্মারক নং- কুঃজেঃহাঃ/বাজেট/২০২০-২১/২১২০, তারিখঃ ১১/০৭/২০২০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চলতি ২০২০-২১ অর্থবছরের বাজেটে সচিবালয় অংশে ৩৮২১১২৮-কোয়ারেন্টাইন এক্সপেন্স খাতে বরাদ্দকৃত ১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা হতে ২০১৯-২০ অর্থবছরের বকেয়া বিল পরিশোধের জন্য কুর্মিটোলা জেনারেল হাসপাতালের অনুকূলে ৩৮২১১২৮-কোয়ারেন্টাইন এক্সপেন্স খাতে ৫,৭৪,৮৪,৭০০/- (পাঁচ কোটি চুয়াত্তর লক্ষ চুরাশি হাজার সাতশত) টাকা নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে পুনঃউপযোজন করা হলো।

শর্তাবলীঃ

- (ক) অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;
- (গ) এ অর্থ প্রস্তাবিত খাত ব্যতীত অন্য খাতে ব্যয় করা যাবে না;
- (ঘ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পণ করতে হবে; এবং
- (ঙ) পুনঃউপযোজনকৃত অর্থ চলতি ২০২০-২১ অর্থবছরের বাজেটে সংশ্লিষ্ট কোডে সমন্বয় হবে।


(এম কে হাসান মোর্শেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্মসচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ২। পরিচালক, সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি, অর্থ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, কুর্মিটোলা, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। অতিরিক্ত সচিব (বাজেট/হাসপাতাল)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।